শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৪২.২২.০০১.১৭-২০৬৩ তারিখ: ২৪ ডিসেম্বর ২০২০

## অফিস আদেশ

বিষয়: জেলা পরিষদে শতভাগ সরকারি ক্রয় ই-জিপিতে প্রক্রিয়াকরণ নিশ্চিতকরণের নিমিত্ত সক্ষমতা বৃদ্ধিসহ নিবিড় তদারকির জন্য অনুশাসন।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের ০২ অক্টোবর, ২০১৭ তারিখের পত্র নং-৪৬.০০.০০০০.০৩৯.০৩৯.০১৮.২০১৬-১৬৯৭।

জেলা পরিষদে ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) মাধ্যমে ক্রয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ নির্দেশক্রমে জারী করা হল:

১ (ক) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী যে সকল দরপত্রের অনুমোদনকারী কর্তৃপক্ষ সংস্থা প্রধান অর্থাৎ জেলা পরিষদ চেয়ারম্যান, সে সকল দরপত্রের ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসেবে সংযুক্ত খসড়া অনুসরণক্রমে (সংযুক্তি-১) জেলা পরিষদ চেয়ারম্যান "দরপত্র মূল্যায়ন কমিটি" জারী করবেন;

(খ) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী যে সকল দরপত্রের অনুমোদনকারী কর্তৃপক্ষ মাননীয় মন্ত্রী অথবা সরকারী ক্রয়সংক্রান্ত মন্ত্রীসভা কমিটি, সে সকল দরপত্রের ক্ষেত্রে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত দরপত্র মূল্যায়ন কমিটি (সংযুক্তি-২) অনুসরণ করতে হবে;

(গ) জেলা পরিষদের ক্ষেত্রে দরপত্র আহ্বান করবেন সিনিয়র সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী(সহকারী প্রকৌশলীর অবর্তমানে জ্যেষ্ঠ উপহকারী প্রকৌশলী) এবং তিনিই ই-জিপি সিস্টেমে Organization Admin হিসেবে দায়িত্ব পালন করবেন;

(ঘ) দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র মূল্যায়ন প্রতিবেদন জেলা পরিষদ চেয়ারম্যান (HOPE) এর নিকট উপস্থাপন করবেন।

(ঙ) জেলা পরিষদসমূহ LGI ডোমেইনের আওতায় প্রস্তুতকৃত ই-জিপি আইডি ব্যতীত অন্য কোন আইডি ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে;

(চ) "proinfo.lged.gov.bd" ওয়েব সাইটের এর মাধ্যমে নিয়মিত তথ্য প্রদান করতে হবে; এবং

২। সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত অনুশাসনগুলো মেনে চলার নির্দেশনা দেয়া হল। এ বিষয়ে বিস্তারিত তথ্যের প্রয়োজন হলে নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি (ই-মেইল: xen.procurement@lged.gov.bd মোবা: ০১৭৬৮-১০০৬০০ (ব্যক্তিগত), ০১৭০৮-১২৩১৩২ (অফিসিয়াল), ০২-৫৫০০৬৭৭৫(টিএন্ডটি) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৪.১২.২০২০

(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
ই-মেইল:lgzp@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):
১. চেয়ারম্যান, জেলা পরিষদ (সকল)..............................জেলা
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), ....................জেলা
৩. নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি,............ জেলা
৪. সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ (সকল).................... জেলা।

অনুলিপি:

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। যুগ্ম সচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

৫। পরিচালক, স্থানীয় সরকার,..................................বিভাগ (সকল)।

৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৪২.২২.০০১.১৭-২০৬২ তারিখ: ২৪ ডিসেম্বর ২০২০

বিষয়: ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) এর মাধ্যমে জেলা পরিষদের আওতাধীন আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী মন্ত্রণালয় পর্যায়ে অনুমোদনযোগ্য কার্য ও ভৌতসেবা ক্রয় সংক্রান্ত “দরপত্র উন্মুক্তকরণ কমিটি” এবং “দরপত্র মূল্যায়ন কমিটি” গঠন সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা এর ১৪/০৯/২০২০ তারিখের ৭১১নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) এর মাধ্যমে জেলা পরিষদের আওতাধীন আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী মন্ত্রণালয় পর্যায়ে অনুমোদনযোগ্য কার্য ও ভৌতসেবা ক্রয় সংক্রান্ত দরপত্র উন্মুক্তকরণ এবং দরপত্র মূল্যায়নের জন্য Bangladesh Electronic Government procurement (e-GP) Guideline, 2011এর Appendix-2 এর SN. 3 এবং 4 অনুযায়ী নিম্নরূপ “দরপত্র উন্মুক্তকরণ কমিটি” এবং “দরপত্র মূল্যায়ন কমিটি” নির্দেশক্রমে গঠন করা হলো:

ক. দরপত্র মূল্যায়ন কমিটি:

| ক্র:নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব (অবর্তমানে প্রধান নির্বাহী কর্মকর্তা), সংশ্লিষ্ট জেলা পরিষদ | সভাপতি |
| ০২. | সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী. এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ০৩ | সহকারী প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী (অবর্তমানে জ্যেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী), সংশ্লিষ্ট জেলা পরিষদ) | সদস্য-সচিব |

বিশেষ দ্রষ্টব্য: দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি ইজিপি সিস্টেমে দরপত্র মূল্যায়ন প্রতিবেদন জেলা পরিষদ চেয়ারম্যান (HOPE) এর নিকট উপস্থাপন করবেন।

**কমিটির কর্মপরিধি:**

ক) দরপত্র পরীক্ষা ও মূল্যায়ন করা;
খ) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা;
গ) মূল্যায়ন প্রতিবেদন পিপিআর-২০০৮ এর বিধি-৩৬ মোতাবেক অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা;
ঘ) Pre-Qualification Application মূল্যায়নপূর্বক সুপারিশসহ বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা (প্রযোজ্য ক্ষেত্রে)।

**খ. দরপত্র উন্মুক্তকরণ কমিটি:**

মূল্যায়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব দরপত্র উন্মুক্তকরণ কমিটিতেও যথাক্রমে সভাপতি ও সদস্য সচিব হিসেবে কাজ করবে।

**কমিটির কর্মপরিধি:**

দরপত্র উন্মুক্তকরন কমিটি e-GP Portal এ বর্ণিত ধাপসমূহ যথাযথ অনুসরণ করে দরপত্র উন্মুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৪/১২/২০২০

(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব
ফোন:৯৫৭৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

১। চেয়ারম্যান, জেলা পরিষদ, ...................................... জেলা (সকল)।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ........................ জেলা (সকল)।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ...................................... জেলা (সংশ্লিষ্ট)।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ........ জেলা (সংশ্লিষ্ট)।
৮। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, ......................... জেলা (সকল)।
৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

মুজিব শতবর্ষ MUJIB 100

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

# জেলা পরিষদ কার্যালয়

.................

নং-  তারিখ:

## অফিস আদেশ

**বিষয়: ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) এর মাধ্যমে জেলা পরিষদের অধীন আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী মন্ত্রণালয় পর্যায়ে ( মাননীয় মন্ত্রী বা ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটি) অননুমোদনযোগ্য কাষ ও ভৌতসেবা ক্রয় সংক্রান্ত "দরপত্র উন্মুক্তকরণ কমিটি" এবং "দরপত্র মূল্যায়ন কমিটি" গঠন প্রসঙ্গে।**

ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (e-GP) এর মাধ্যমে জেলা পরিষদের অধীন আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুযায়ী মন্ত্রণালয় পর্যায়ে (মাননীয় মন্ত্রী বা ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটি) অননুমোদনযোগ্য কাষ ও ভৌতসেবা ক্রয় সংক্রান্ত দরপত্র উন্মুক্তকরণ এবং দরপত্র মূল্যায়নের জন্য Bangladesh Electronic Government procurement (e-GP) Guideline, 2011এর Appendix-2 এর SN. 3 এবং 4 অনুযায়ী নিম্নরূপ "দরপত্র উন্মুক্তকরণ কমিটি" এবং "দরপত্র মূল্যায়ন কমিটি" নির্দেশক্রমে গঠন করা হলো:

**ক. দরপত্র মূল্যায়ন কমিটি:**

| ক্র: নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব (অবর্তমানে প্রধান নির্বাহী কর্মকর্তা), সংশ্লিষ্ট জেলা পরিষদ | সভাপতি |
| ০২ | সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ০৩ | সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী (সহকারী প্রকৌশলীর অবর্তমানে জ্যেষ্ঠ উপ-সহকারী প্রকৌশলী), সংশ্লিষ্ট জেলা পরিষদ | সদস্য-সচিব |

বিশেষ দ্রষ্টব্য: দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি ইজিপি সিস্টেমে দরপত্র মূল্যায়ন প্রতিবেদন জেলা পরিষদ চেয়ারম্যান (HOPE) এর নিকট উপস্থাপন করবেন।

**কমিটির কর্মপরিধি:**

ক) দরপত্র পরীক্ষা ও মূল্যায়ন করা;
খ) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা;
গ) মূল্যায়ন প্রতিবেদন পিপিআর-২০০৮ এর বিধি-৩৬ মোতাবেক অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা;
ঘ) pre-qualification application মূল্যায়নপূর্বক সুপারিশসহ বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা (প্রযোজ্য ক্ষেত্রে)।

**খ. দরপত্র উন্মুক্তকরণ কমিটি:**

মূল্যায়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব দরপত্র উন্মুক্তকরণ কমিটিতেও যথাক্রমে সভাপতি ও সদস্য সচিব হিসেবে কাজ করবে।

**কমিটির কর্মপরিধি:**

দরপত্র উন্মুক্তকরন কমিটি e-GP Portal এ বর্ণিত ধাপসমূহ যথাযথ অনুসরণ করে দরপত্র উন্মুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করবে।
এ আদেশ অবিলম্বে কাযকর হবে।

( .....................................নাম)
চেয়ারম্যান
ফোন:..............
ই-মেইল:........................

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):
১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,.....................জেলা।
২. সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী এলজিইডি, নির্বাহী প্রকৌশলীর দপ্তর...........................জেলা।
৩. সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ,...................জেলা।